**STUDY MATERIAL FOR SEM-4 SANSKRIT GENERAL STUDENTS**

**TEACHERS`NAME- ARPITA PRAMANIK**

**DEPARTMENT OF SANSKRIT**

**K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM**

**DATE-11-4-2020    5 MARKS**

**TOPIC- SANSKRIT GRAMMAR (KARMAPRABACANIYA)**

**PAPER- CC-4**

# <u>কর্মপ্রবচনীয়</u> (5 MARKS)

পাণিনির সূত্রে ‘‘কর্মপ্রবচনীয়াঃ’’ এটি একটি অধিকার সূত্র। ‘‘প্রাগ্রীশ্বরান্নিপাতাঃ’’ এই নিপাতে অধিকার পর্যন্ত অর্থাৎ ‘‘অধিরীশ্বরে’’ সূত্রের অধি পর্যন্ত কর্মপ্রবচনীয় সংজ্ঞা চলবে। কর্মপ্রবচনীয় আকৃতিতে নিপাত হলেও প্রকৃতিতে পৃথক। কর্মপ্রবচনীয় এটি একটি মহাসংজ্ঞা। এই মহাসংজ্ঞাকরণের উদ্দশ্য হল-সার্থকসংজ্ঞাকরণ বা অন্বর্থসংজ্ঞাকরণ।

এই সংজ্ঞাটি বিশ্লেষণ করলে যে অর্থ পাওয়া যাবে, তার সঙ্গে এর ব্যাকরণগত বৈশিষ্ট্যের মিল আছে। কর্ম প্রোক্তবন্তঃ=কর্মপ্রবচনীয়। কর্ম=ক্রিয়া। প্রবচনীয়-প্র-বচ্+অনীয়র্। সুতরাং কর্মপ্রবচনীয় শব্দের অর্থ দাঁড়ায়-যারা পূর্বে কোনো ক্রিয়ার দ্যোতনা করত। কিন্তু সম্প্রতি কোনো ক্রিয়ার দ্যোতনা করে না। তারাই কর্মপ্রবচনীয়।

ভতৃহরি তাঁর বাক্যপদীয় গ্রন্থে বলেছেন-

**‘‘ক্রিয়ায়া দ্যোতকো নায়ং সম্বন্ধস্য ন বাচকঃ।**
**নাপি ক্রিয়াপদাক্ষেপী সম্বন্ধস্য তু ভেদকঃ।।’’**

ক্রিয়ার দ্যোতক নয়, সম্বন্ধের বাচক নয়, এবং কোনো ক্রিয়াপদকে আক্ষিপ্ত করে না, অর্থাৎ টেনে আনে না, সম্বন্ধের ভেদক মাত্র অর্থাৎ সম্বন্ধকে বিশেষিত করে।

১। **ক্রিয়ার দ্যোতক নয়-** জপম্ অনু প্রাবর্ষৎ-এই বাক্যে ‘অনু’ কর্মপ্রবচনীয়। কখন মেঘ বর্ষণ করেছিল ? এর উত্তরে বলা হল--বরুণ জপ করার পর মেঘ বর্ষণ করেছিল। এখানে জপ বর্ষনের হেতু। আবার হেতুভূত জপটি লক্ষণ। কারণ হেতুস্বরূপ বরুণ জপের পর বর্ষণ হয়েছিল। ‘‘অনুর্লক্ষণে’’ সূত্রে এখানে অনু কর্মপ্রবচনীয় ও জপম্ পদের কর্মপ্রবচনীয় যোগে দ্বিতীয়া । দ্বিতীয়া বিভক্তির অর্থ লক্ষণত্ব ও হেতুত্ব-দুটিই কর্মপ্রবচনীয় দ্বারা দ্যোতিত হয়েছে। অনু এখানে জপম্ এবং প্রাবর্ষৎ এই দুটিকে একটি সম্বন্ধ বিশেষে প্রতিষ্ঠিত করে দিয়েছে। সম্বন্ধটি দ্বিতীয়া বিভক্তির দ্বারা জানা গেছে।

২। **সম্বন্ধের বাচক নয়**--যথা- জপম্ অনু প্রাবর্ষৎ। এই বাক্যে ষষ্ঠী বিভক্তির মত অনু শব্দের দ্বারা সম্বন্ধ উক্ত হচ্ছে না। কর্মপ্রবচনীয় সংজ্ঞা প্রযুক্ত দ্বিতীয়া বিভক্তির দ্বারাই তা হয়েছে।

৩। **ক্রিয়াপদকে আক্ষিপ্ত করে না**---প্রাদেশং বিপরিলিখতি। এই বাক্যে যেমন ‘বিমায় পরিলিখতি’ ইত্যাদিরূপে ‘বি’ শব্দের দ্বারা বিমান ক্রিয়ার আক্ষেপ হয়, জপম্ অনু..’ উদাহরণে ঐরূপ অন্য কোনো ক্রিয়া আক্ষিপ্ত হচ্ছে না। ‘প্রাদেশং বিমায় পরিলিখতি’ এই বাক্যে যেমন আক্ষিপ্ত বিমান অথ্রাৎ পরিমাপ ক্রিয়ার কর্ম্ররূপে ‘প্রাদেশ’

পদে দ্বিতীয়া বিভক্তি হয় , সেরূপ ‘জপম্ অনু প্রাবর্ষৎ’ ইত্যাদি ক্ষেত্রেও ‘অনু’ র দ্বারা অন্য ক্রিয়া আক্ষিপ্ত হত, তাহলে সেই আক্ষিপ্ত ক্রিয়ার কর্মরূপে ‘জপ’ পদে কর্ম্রে দ্বিতীয়া হত কিন্তু তা হয় না।

৪। **সম্বন্ধের ভেদক নয়**--এক্ষেত্রে অনু জপসম্বন্ধী বর্ষণকে এখানে প্রকাশ করছে। অথ্রাৎ দ্বিতীয়া বিভক্তির দ্বারা কেবল সম্বন্ধত্বরূপে সম্বন্ধসামান্যের প্রতীতি হলে অনু শব্দটি লক্ষ্যলক্ষণভাবরূপ সম্বন্ধবিশেষকে প্রকাশ করছে। সুতরাং অনু অব্যয়টি সম্বন্ধবিশেষের প্রকাশমাত্র।

কর্মপ্রবচনীয় সাধারণতঃ বিভক্তি নিয়ন্ত্রণ করে এবং সাধারণতঃ ‘‘কর্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া’’ সূত্রে দ্বিতীয়া বিভক্তি হয়। আবার কোথাও কোথাও কর্মপ্রবচনীয় যোগে পঞ্চমী ও সপ্তমী বিভক্তিও হয়ে থাকে।

..................................................................